**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় তিরঙ্গা যাত্রায় নেতৃত্ব দেন ।**

**(২) এবছর CBSE অনুমোদিত রাজ্যের বিদ্যাজ্যোতি স্কুলগুলি দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষায় উল্লেখযোগ্য ফলাফল করেছে ।**

**(৩) বিচারপতি ভূষণ রামকৃষ্ণ গাভাই আজ ভারতের ৫২তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন ।**

**(৪) জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে আজ জম্পুইজলা মহকুমাভিত্তিক আন্তঃবিদ্যালয় গার্লস স্পোর্টস মিট অনুষ্ঠিত হয় ।**

*****************************************************

**Tiranga Yatra :**

অপারেশন সিঁদুর'-এর উপর গতকাল থেকে এগারো দিনের দেশব্যাপী প্রচার শুরু হয়েছে। তিরঙ্গা যাত্রা নামে এই অভিযানের লক্ষ্য পাকিস্তানের বিরুদ্ধে ভারতীয় সশস্ত্র বাহিনীর সাফল্য তুলে ধরা। এই মাসের ২৩ তারিখ পর্যন্ত এই অভিযানে ভারত কীভাবে পাকিস্তান এবং পাক-অধিকৃত জম্মু ও কাশ্মীরের সন্ত্রাসী শিবির ধ্বংস করেছে তার উপর আলোকপাত করা হবে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় তিরঙ্গা যাত্রার নেতৃত্ব দেন। রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে শুরু হয়ে এই পদযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শিশু, মহিলা, বয়স্ক, আইনজীবী, ক্রীড়াবিদ এবং রাজনীতিবিদ সহ বিভিন্ন স্তরের শত শত মানুষ এতে অংশগ্রহণ করেন।

মন্ত্রী সুশান্ত চৌধুরী, টিঙ্কু রায়, রতনলাল নাথ, আগরতলার মেয়র দীপক মজুমদার, জিমন্যাস্ট দীপা কর্মকার তিরঙ্গা যাত্রায় অংশ নেন। মুখ্যমন্ত্রী ডঃ সাহা ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্ব এবং সাহসের প্রশংসা করেন এবং প্রধানমন্ত্রী মোদীর উদ্ধৃতি দিয়ে বলেন যে রক্ত এবং জল একসাথে প্রবাহিত হতে পারে না।

**************************

**Press Meet on CBSE Result :**

এবছর CBSE অনুমোদিত রাজ্যের বিদ্যাজ্যোতি স্কুলগুলি দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষায় উল্লেখযোগ্য ফলাফল করেছে। এর জন্য পরীক্ষার্থী, অভিভাবক, ও স্কুল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছে বিদ্যালয় শিক্ষা দপ্তর। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা সচিব ডা:রাভেল হেমেন্দ্র কুমার পরীক্ষার ফলাফল উল্লেখ করে জানান, সদ্য প্রকাশিত CBSE দশমমান বোর্ড পরীক্ষায় রাজ্যের ১২৫টি বিদ্যাজ্যোতি স্কুলের গড় পাশের হার ৮৬ শতাংশ, যা গতবছরের তুলনায় ২৬ শতাংশ বেশি। তিনি জানান, ১২টি বাংলা মাধ্যম সহ মোট ১৫টি স্কুলে এবছর পাশের হার ১০০ শতাংশ। অন্যদিকে CBSE  দ্বাদশ মান বোর্ড পরীক্ষায় এবছর গড়ে পাশের হার ৭১ শতাংশ, যা গত বছর ছিল মাত্র ৫০ শতাংশ। তিনি জানান, এবছর CBSE-র গুয়াহাটি আঞ্চলিক কেন্দ্রের অধীন উত্তরপূর্বাঞ্চলের সব রাজ্যের তুলনায় ত্রিপুরার ফলাফল ভাল হয়েছে।

শিক্ষাসচিব জানান, রাজ্য সরকারের ঘোষনা অনুযায়ী ছাত্রছাত্রীদের NEET, JEE(joint entrance examination) পরীক্ষার কোচিং-এর জন্য সারা রাজ্যে শিগগিরই ২৫টি কোচিং সেন্টার খোলা হবে। এক প্রশ্নের উত্তরে শিক্ষা সচিব জানান, বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের সুষ্ঠু বদলীর জন্য দপ্তর শীঘ্রই একটি সুষ্ঠু বদলী নীতি চালু করবে। তিনি জানান, স্কুলে শিক্ষকের পদ পূরণে দপ্তর প্রয়জনীয় পদক্ষেপ নিয়েছে। সাংবাদিক  সম্মেলনে বিদ্যালয় শিক্ষা অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা জানান, TRBT-র মাধ্যমে বিভিন্ন বিষয়ের বিষয় শিক্ষক নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। সাংবাদিক

সম্মেলনে বুনিয়াদী শিক্ষা বিভাগের যুগ্ম অধিকর্তা হর্ষিত বিশ্বাস ও মাধ্যমিক শিক্ষা বিভাগের যুগ্ম অধিকর্তা রাকেশ দেববর্মা উপস্থিত ছিলেন।

****************************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের পৌরহিত্যে আজ আগরতলায় প্রজ্ঞা ভবনে বিদ্যুতের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা বৈঠক করা হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন দপ্তরের অতিরিক্ত সচিব উদয়ন সিনহা, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপনা অধিকর্তা বিশ্বজিৎ বসু, অর্থ দপ্তরের অধিকর্তা সর্বজিৎ সিং ডোগরা এবং রাজ্যের বিভিন্ন সার্কেল ও বিভাগের এডিশনাল জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার ও সিনিয়র ম্যানেজাররা। বিদ্যুৎ মন্ত্রী জানান, আসন্ন বর্ষা মরশুম ও আগামী দুর্গাপুজায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনা হয়েছে। মন্ত্রী জানান, আগামী দুই মাস, গুরুতর কারণ ব্যতীত বিদ্যুৎ দপ্তরের সমস্ত কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করা হবে। তিনি বলেন, রাজ্যবাসীর কাছে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পৌঁছে দেওয়াই সরকারের অঙ্গীকার। শ্রী নাথ বলেন, সঠিক পরিকল্পনাই সফলতা এনে দেবে। মন্ত্রী জানান, অনেক বিদ্যুৎ গ্রাহক ঠিক মতো বিল পরিশোধ না করায় বিদ্যুৎ পরিসেবা সঠিকভাবে চালিয়ে যেতে সমস্যা হচ্ছে।

****************************

**Santana Chakma :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন রাজ্যের যুবক যুবতীদের স্বনির্ভর করে তোলার পাশাপাশি যোগ্যতার নিরিখে চাকুরী প্রদান করার লক্ষ্যে কাজ করে চলেছে রাজ্য সরকার। আজ কাঞ্চনপুরের লালজুরি আর.ডি ব্লকের উদ্যোগে দামছড়ায় ৪টি ব্লককে নিয়ে আয়োজিত চাকরি এবং দক্ষতা সচেতনতা মেলার সূচনা করে একথা জানান তিনি। এই মেলায় পাঁচ শতাধিক চাকরি প্রার্থী অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত জেলা শাসক বিপ্লব দাস, ৪টি ব্লকের বিডিও,বিএসি চেয়ারম্যানরা।

অনুষ্ঠান মঞ্চে বেশ কয়েকজন চাকরি প্রার্থীকে নিয়োগ পত্র তুলে দিয়েছেন মন্ত্রী শান্তনা চাকমা সহ অন্যান্য অতিথিরা।

****************************

**Sudhangshu Das :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। রাজ্যে বিদ্যাজ্যোতি প্রকল্প চালু করা হয়েছে। এর সুফল পাওয়া যাচ্ছে। আজ কৈলাশহরের ডলুগাঁও দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয়ের অধ্যক্ষ উত্তম কুমার বিশ্বাস প্রমুখ। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান ও যোগ প্রদর্শন করে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Chief Justice :**

বিচারপতি ভূষণ রামকৃষ্ণ গাভাই আজ ভারতের ৫২তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে রাষ্ট্রপতি ভবনে এক বিশেষ অনুষ্ঠানে বিচারপতি গাভাইকে শপথ বাক্য পাঠ করান। বিচারপতি বিআর গাভাই বিচারপতি সঞ্জীব খান্নার স্থলাভিষিক্ত হলেন। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং সুপ্রিম কোর্টের বিচারপতিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

****************************

**Ayurved Day :**

সরকার ২৩শে সেপ্টেম্বর দিনটিকে আনুষ্ঠানিকভাবে আয়ুর্বেদ দিবস হিসেবে ঘোষণা করেছে। আয়ুষ মন্ত্রক জানিয়েছে যে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে এই পরিবর্তন ধনতেরাসে আয়ুর্বেদ দিবস পালনের পূর্বের রীতি থেকে একটি উল্লেখযোগ্য পরিবর্তন। মন্ত্রক জানিয়েছে, আয়ুর্বেদকে একটি বৈজ্ঞানিক, প্রমাণ-ভিত্তিক এবং সামগ্রিক চিকিৎসা ব্যবস্থা হিসেবে প্রচার করার জন্য প্রতি বছর আয়ুর্বেদ দিবস উদযাপন করা হয় যা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা এবং সুস্থতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আরও বলা হয়েছে যে আগামী দশকে, ধনতেরাসের তারিখ ১৫ই অক্টোবর থেকে ১২ই নভেম্বরের মধ্যে ব্যাপকভাবে পরিবর্তিত হতে থাকবে, যা জাতীয় ও আন্তর্জাতিকভাবে দিনটি পালনের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করবে। মন্ত্রক সাধারণ নাগরিক সহ সংশ্লিষ্ট সবাইকে নতুন নির্ধারিত তারিখটি গ্রহণ করার এবং প্রতি বছর ২৩শে সেপ্টেম্বর আয়ুর্বেদ দিবস উদযাপনে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানিয়েছে।

******************************

**Arunachal :**

অরুণাচল প্রদেশের অভ্যন্তরের স্থানগুলির নতুন নামকরণের জন্য চীনের অব্যাহত, ভিত্তিহীন এবং অযৌক্তিক প্রচেষ্টাকে ভারত স্পষ্টভাবে প্রত্যাখ্যান করেছে। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল পুণরায় জানিয়েছেন যে এই ধরনের পদক্ষেপ গ্রহণযোগ্য নয় এবং ভারতের ধারাবাহিক এবং

নীতিগত অবস্থানের বিরোধী। তিনি বলেন যে অরুণাচল প্রদেশ সর্বদা ভারতের অবিচ্ছেদ্য অংশ ছিল, আছে এবং থাকবে।

******************************

**Manipuri Sahitya Parishad :**

মনিপুরী সাহিত্য পরিষদের উদ্যোগে আজ ধলেশ্বর কল্যাণী মণিপুরী নাট মন্দিরে বিশিষ্ট শিক্ষাবিদ ও মনিপুরী সাহিত্যিক জিতেন্দ্রজিৎ সিংহের স্মরণ সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, প্রাক্তন শিক্ষা অধিকর্তা রঞ্জিত দেবনাথ, প্রেসক্লাবের প্রাক্তন সভাপতি কল্যাণজিৎ সিং, মনিপুরী সাহিত্য পরিষদের সভাপতি মৃণাল কান্তি সিংহ সহ অন্যান্যরা। শুরুতেই জিতেন্দ্র জিত সিংহের এর প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা। এরপর এক মিনিট নীরবতা পালন করা হয়। সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন ছোটবেলা থেকে ছেলেমেয়েদের আত্মকেন্দ্রিকতা থেকে বেরিয়ে আসার শিক্ষা দিতে হবে। জিতেন্দ্র জিত সিংহ এই পথ থেকে বেরিয়ে আসার প্রয়াস চালিয়ে গেছেন। শুধু তাই নয় তার লেখনি ও সাহিত্য সৃষ্টি আগামী প্রজন্মের কাছে অমূল্য সম্পদ।

******************************

**ADC, Khowai :**

খোয়াই নতুন টাউন হলে রাজ্যের এডিসি প্রশাসনের উদ্যোগে আজ খোয়াই জোনালের সবকটি সাব্ জোনালের ৬৭টি ভিলেজ কমিটির ১৮৭ জন সুবিধাভোগী জনজাতি মা-বোনেদের মধ্যে রিগনাই, রিসা ইত্যাদি তৈরীর জন্য সূতো বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি অনন্ত দেববর্মা, সোহেল দেববর্মা, খোয়াই জোনালের চেয়ারম্যান বিশু দেববর্মা, সমাজ সেবিকা মনিহার দেববর্মা, দপ্তরের আধিকারিক অনিমেষ দাস সহ অন্যান্যরা। এমডিসি অনন্ত দেববর্মা বলেন, রাজ্যের জনজাতিদের তৈরি রিগনাই ও রিসা গোটা ভারতবর্ষে এখন পরিচিতি লাভ করেছে।

উল্লেখ্য, আজকের অনুষ্ঠানে ১২ হাজার ১৬৫ কেজি সূতো জনজাতি মা-বোনদের হাতে তুলে দেয়া হয়।

****************************

**CM Dr. Manik Saha :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে সাধারন নাগরিকদের সমস্যা শুনেছেন। মুখ্যমন্ত্রী জানিয়েছেন সরকার রাজ্যের নাগরিকদের সুখ-সাচ্ছন্দ্যকে প্রাধান্য দিয়ে উন্নয়নের কাজ করে যাচ্ছে। সরকারকে আরো নাগরিকবান্ধব করে তুলতে তথা তৃণমুলস্তরে সমস্যা সমাধান করার লক্ষ্যে 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচি অত্যন্ত ফলপ্রসূভাবে কাজ করছে। আজ নাগরিকদের সমস্যাগুলি শোনার পর মুখ্যমন্ত্রী বিভিন্ন দপ্তরের আধিকারিকদের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন।

****************************

**President, Operation Sindoor :**

প্রতিরক্ষা বাহিনী প্রধান জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল এপি সিং এবং নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠী আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে অপারেশন সিন্দুর সম্পর্কে অবহিত করেছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি সশস্ত্র বাহিনীর বীরত্ব এবং নিষ্ঠার প্রশংসা করেছেন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের প্রতিক্রিয়ার উল্লেখযোগ্য সাফল্যে তাদের ভূমিকা স্বীকার করেছেন রাষ্ট্রপতি।

*******************************

**Jamuijala Sports :**

জম্পুইজলা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে আজ জম্পুইজলা মহকুমাভিত্তিক আন্তঃবিদ্যালয় গার্লস স্পোর্টস মিট অনুষ্ঠিত হয়। মিশন সংকল্প প্রকল্পে আয়োজিত এই মিটের উদ্বোধন করেন জম্পুইজলার মহকুমা শাসক চিরঞ্জীব আনন। দুটি বিভাগে এই ক্রীড়া প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। খেলার শেষে

বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডি.সি.এম. সুজিত দেববর্মা, জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং প্রমুখ।

***********************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ভারতরত্ন সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ভারতরত্ন সংঘ ৩-১ গোলে সবুজ সংঘকে পরাজিত করে।

********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়া সতর্কতা জারি করা হয়েছে। উত্তর এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

*******************************